

বৃষ্টি ও বই মেলা

আনিসুর রহমান



সিডনির বই মেলার সাথে বৃষ্টির মনে হয় একটা বিরোধ আছে। অষ্ট্রেলিয়ায় আনেকদিন ধরে খরা চলছে। ফসলের মাঠ ফেটে চৌচির। গমের উৎপাদন কমে যাবে - সবাই চিন্তিত কিন্তু গত রবিবার প্রায় সারাদিন বৃষ্টি হলো। অবশ্য বই মেলায় ভিড় তাতে খুব একটা কমে নি। ঘাসের উপর বসে ঝাল-মুড়ি খাবার মজাটা পাওয়া যায়নি সত্যি তবে ঝাল-মুড়ির মজা যেটুকু কমেছে গরম চায়ের মজা বেড়েছে তার চেয়ে বেশী।

বৃষ্টিতে ভিজে ভিজে গরম চায়ের কাপে চুমুক দেবার মজাই অন্য রকম। বইয়ের স্টলে বই ভিজলো, ভেজা মঞ্চেই নাচলো মেয়েরা, বিশেষ অতিথীরা মাথায় ছাতা ধরে বসে থাকলেন মঞ্চার সামনে। দর্শকরা অবশ্য এত সাহস দেখাতে পারেনি তারা আসন ছেড়ে আশ্রয় নিয়েছিলেন গাছের নিচে কিন্তু অনুষ্ঠান উপভোগ করেছেন ঠিকই। একুশে একাডেমীর কর্মকর্তাদের বিমর্ষ দেখাচ্ছিল কিন্তু মেলায় যারা এসেছিলেন তাদের



উৎসাহে কমতি ছিল বলে মনে হয়নি। বৃষ্টিতে ভিজে ভিজে বই কিনতে দেখেছি অনেককে। মলি ভাবীর স্টলের কাছে যেতেই তিনি দশজন নারীকে লেখা রবীন্দ্রনাথের পত্রগুচ্ছ "কল্যাণীয়াসু" হাতে ধরিয়ে দিয়ে বললেন এটা কেনেন। প্লাস্টিক কভারে মোড়া বইটা হাতে নিয়ে বুঝলাম বৃষ্টির দিনে ভিজে নষ্ট



হবে এমন অজুহাত দিয়ে রেহাই পাওয়া যাবেনা। দশজন মুঞ্চ রমনীর হৃদয় জয়ের রহস্য জানা যাবে মাত্র সাত ডলারে - মন্দ কি, কিনে ফেললাম।



একুশের বই মেলায় সহসা মুঞ্চ হবার পালা বসনে ওদের বন্দী হয়েছে বিপুল বর্গমালা।



শহীদ মিনারের বেদী ফুলে ফুলে ঢেকে দেবার চেষ্টা করছে দুই প্রজন্মের দুই প্রতিনিধি। ওরা পারেনি। আগামী বছর সবাই এক তোড়া করে ফুল আনলে হয়তো পারা যাবে।